দৈনিক বাংলা

তারিখ 27 OCT 1991

পৃষ্ঠা ২ কলাম ৪

170

# ঈশ্বরদীতে ছাত্র সংঘর্ষ ঃ বোমাবাজি গুলি ভাংচুর ঃ আহত ১৭

।। সংবাদদাতা ।।

ঈশ্বরদী, ২৬শে অক্টোবর।– শুক্রবার রাতে ঈশ্বরদী শহরে দুই দল ছাত্রের এক সংঘর্ষে অন্তত ১৭ জন আহত হয়েছে। তাদের মধ্যে চার জনের আঘাত গুরুতর।

ঈশ্বরদী সরকারী কলেজ ছাত্রলীগের প্রাক্তন সভাপতি হামিদুর রহমন ছুরিকাহত হয়েছেন। তাঁকে এবং অন্য তিন জনকে ঈশ্বরদী হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত ১৩ জনকে বিভিন্ন ক্লিনিকে ভর্তি করা হয়।

সংঘর্ষের সময় অন্তত ২৫টি হাতবোমা নিক্ষিপ্ত হয় এবং বন্দুকের ১০ রাউন্ড গুলিবর্ষণ করা হয়। এছাড়া

(৪–এর পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## ঈশ্বরদীতে ছাত্র সংঘর্ষ

(প্রথম পৃঃ পর)

এ সময়ে দুটি বাড়ি তছনছ এবং একটি ট্রাক (ঢাকা মেট্রো ন–৭২৩০) ক্ষতিগ্রস্ত হয়েছে।

পুলিশ জানায়, ছাত্রদল ও ছাত্রলীগের (শা–অ) কর্মীদের মধ্যে পূর্ববর্তী সংঘষের পরিণতিতে শুক্রবার রাতে এই সংঘর্ষ হয়। ঈশ্বরদীর এএএসপি ঘটনাস্থল পরিদর্শন করেন। এ ব্যাপারে থানায় তিনটি মামলা দায়ের করা হয়েছে।

সংঘর্ষের পর ছাত্রদল ও ছাতলীগ ঈশ্বরদী শহরে পৃথক পৃথক মিছিল বের করে এবং পরস্পরের বিরুদ্ধে শ্লোগানদেয়।